উপজেলা পরিষদ
ভাঙ্গা, ফরিদপুর
bhanga.faridpur.gov.bd

**ভাঙ্গা উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির মে ২০২২ মাসের সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এস. এম. হাবিবুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর |
| স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' ও 'খ' |
| তারিখ ও সময় | : | ১৯ মে ২০২২; বেলা: ১১.৩০ ঘটিকা |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| দপ্তরসমূহ | কার্যক্রম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১। এলজিইডি | উপজেলা প্রকৌশলী, ভাঙ্গা, ফরিদপুর সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রকল্পের আওতায় গৃহীত স্কীম সমূহের মধ্যে ৩ টি ইউনিয়নের প্রকল্পের কাজ এখনও সম্পন্ন হয়নি। উক্ত প্রকল্পের কাজ দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করা হবে মর্মে সভাকে অবহিত করেন। এছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ক) সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) ভাঙ্গা, ফরিদপুর |
| ০২। উপজেলা কৃষি অফিস | উপজেলা কৃষি কর্মকর্তা, ভাঙ্গা, ফরিদপুর সভায় বলেন, ইতমধ্যে বোরো ধান কর্তন করা হয়েছে। এছাড়া আউশ ধানের চাষাবাদ মাঠে চলমান রয়েছে এবং পাটের জমি পরিচর্যা ও পোকা মাকড় দমনে কার্যক্রম চলছে। ভর্তুকির মাধ্যমে কৃষি যন্ত্র ক্রয়ে আগ্রহী কৃষকের মাঝে সীডার ও পাওয়ার থ্রেসার, বেড প্লান্টার বিতরণ করা হয়েছে। এছাড়া নিয়মিত সার ও কীটনাশকের দোকান পরিদর্শন করা হচ্ছে। তিনি বলেন উপজেলায় সারের সরবরাহ স্বাভাবিক রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলমান রয়েছে। | ১) ভর্তুকির মাধ্যমে প্রাপ্ত কৃষি যন্ত্র প্রকৃত কৃষকদের মাঝে বিতরণ নিশ্চিত করতে হবে। | ১) উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০৩। দুর্যোগ ব্যবস্থাপনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন, গ্রামীণ বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ব্রীজ/সেতু নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়া এইচবিবি রাস্তা ও ২ টি মুজিব কিল্লার কাজ চলমান রয়েছে। এছাড়া ১৮৮২২ টি ভি.জি.এফ কাড হত দরিদ্রদের মাঝে বিতরণ করা হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ১) বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গ্রামীণ রাস্তায় ব্রীজ/সেতু নির্মাণ প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। এছাড়া টি আর খাতে বরাদ্দকৃত অর্থ দ্বারা ইউনিয়ন পরিষদ হতে যথাসময়ে প্রকল্প গ্রহণপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৪। বিদ্যুৎ | পরিচালন সেবা<br>আবাসিক প্রকৌশলী সভায় বলেন, জুন/২২ মাসে পদ্ধতি সেবাগ্রহীতা ১২১ জন। এ মাসে ১২১ টি নতুন সংযোগ এবং বানিজ্যিক সেবা ০১ টি প্রদান করা হয়েছে। এছাড়া নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সেবা নিশ্চিতকরণে রাস্তার গাছপালা কর্তন কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া জি.ডি.পি. বাস্তবায়নে রাজস্ব আদায়ের লক্ষ্যে বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে লাইন কর্তন কার্যক্রম অব্যাহত রয়েছে। | অবৈধ বিদ্যুৎ সংযোগ বন্ধে বিদ্যুৎ আইনে মোবাইল কোর্ট পরিচালনাসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | আবাসিক প্রকৌশলী (ওজোপাডিকো) |
| ০৫। পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন, চলতি অর্থ বছরে মে/২২ মাস পর্যন্ত তার দপ্তর ১২,০০,০০,০০০/- টাকা ঋণ বিতরণের লক্ষ্য মাত্রার বিপরীতে ১৪,৭৫,২২,০০০/- টাকা ঋণ বিতরণ করেছে। বিতরণের হার ১২২%। এছাড়া ১১,৫০,০০,০০০/- টাকা ঋণ আদায়ের লক্ষ্য মাত্রার বিপরীতে ১১,৭৮,৫৬,০০০/- টাকা ঋণ আদায় করা হয়েছে। আদায়ের হার ১০২%। এছাড়া তিনি বলেন, তার দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | -পল্লী উন্নয়ন সমবায় সমিতি ঋণ প্রদানের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>-আদায়ের হার বৃদ্ধি করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ০৬। মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন, ২০২১-২০২২ অর্থ বছরে ভিজিডি চক্রে ১৯৯০ জন নির্বাচিত উপকারভোগীদের মাঝে মে/২২ মাসে ইউপি চেয়ারম্যানদের অনুকূলে ৫৯.৭০০ মেট্রিক টন খাদ্য শষ্যের ডিও প্রদান পরবর্তী বিতরণ করা হয়েছে। ভাঙ্গা উপজেলার ১২ টি ইউনিয়নে নির্বাচিত ভিজিডি মহিলাদের অর্থনৈতিকভাবে প্রতিষ্ঠা করার লক্ষে তাদেরকে সরকার নিয়োজিত এনজিওদের মাধ্যমে সামাজিক সচেতনতামূলক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ হিসেবে গড়ে তোলা হয়। এছাড়া মহিলাদের অর্থনৈতিক ক্ষমতায়নের লক্ষে ৫% সার্ভিস চার্জে ৩৪২ জন মহিলাকে বিভিন্ন আয়বর্ধক কার্যক্রমে ঘূর্ণায়মান পদ্ধতিতে মোট ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা ঋণ প্রদান করা হয়েছে। এছাড়া তিনি আরও বলেন, মে/২২ মাসে বাল্যবিবাহ বিরোধী ০১ টি সচেতনতামূলক সভা করা হয়েছে। এছাড়া উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রকল্পে ধারাবাহিকভাবে ১৪তম ও ১৫তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য প্রশিক্ষণার্থী ভর্তি করা হয়েছে এবং প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া কিশোর-কিশোরী ক্লাব স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় ১২ টি ইউনিয়নে ১২ টি ক্লাব ও পৌরসভায় ১ টি ক্লাবসহ মোট ১৩ টি ক্লাবে কিশোর-কিশোরীদের আবৃত্তি ও সংগীতসহ জেন্ডার এর বিষয়ে সঠিক ধারনা প্রদানের উপর অভিজ্ঞ প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। | ভিজিডি কার্যক্রম ও ঋণ বিতরণ কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। এছাড়া বাল্যবিবাহ এবং যৌতুক প্রথার বিরুদ্ধে সামাজিক সচেতনামূলক উঠান বৈঠকের সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং পারিবারিক সহিংসতা রোধে সচেতনতামূলক সভা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৭। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন, মে/২২ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ৫৬,৭৪৪ টি, স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পরিবারের সংখ্যা ৬২ টি, ইমপ্লান্ট গ্রহণকারীর সংখ্যা ১২৩ টি ও আইইউডি গ্রহণকারীর সংখ্যা ৪৬ টি । এছাড়া তিনি বলেন, মে/২২ মাসে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ১১ জনকে স্বাভাবিক প্রসব সেবা প্রদান করা হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি বৃদ্ধি করতে হবে। এছাড়া স্বাভাবিক প্রসব সেবা জোরদার করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৮। উপজেলা খাদ্য অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভাঙ্গা, ফরিদপুর সভায় বলেন, অভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০২২ মৌসুমে কৃষকের এ্যাপের মাধ্যমে ধান সংগ্রহের কৃষক নিবন্ধন ও ধান বিক্রয়ের আবেদন গত ২৭ মার্চ, ২০২২ হতে শুরু হয়েছে। প্রথম ধাপে লটারির মাধ্যমে নির্বাচিত ২১০ জন কৃষকের নিকট হতে ধান ক্রয় চলমান রয়েছে। এছাড়া অভ্যন্তরীণভাবে গম সংগ্রহ/২২ এর আওতায় অত্র উপজেলায় ২০৯০ মে.টন গমের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সরাসরি কৃষকদের থেকে ১ এপ্রিল/২২ হতে ৩০ জুন/২২ পর্যন্ত প্রতি কেজি ২৮/- টাকা দরে ক্রয় করা হবে। বাজার দর বেশি থাকায় এখনও পর্যন্ত কোন কৃষক গম বিক্রয়ের জন্য গুদামে আসেননি। | যথাসময়ে বিধি মোতাবেক অভ্যন্তরীণ ধান সরবরাহ ও গম সরবরাহ নিশ্চিত করতে হবে। | ১) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>২) ভারপ্রাপ্ত কর্মকর্তা (এলএসডি) |
| ০৯। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভাঙ্গা, ফরিদপুর সভায় বলেন, আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় চলমান চতুর্থ পর্যায়ের কাজ শেষ পর্যায়ে রয়েছে। এছাড়া সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২য় পর্যায়ের ৩১২ টি গভীর নলকূপ স্থাপনের কাজ শুরু করা হয়েছে। তিনি আরও বলেন, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় কমিউনিটি ভিত্তিক ১৮ টি পানির উৎস ও ১ টি পাইপ লাইনের সাইট চূড়ান্ত করতে সংশ্লিষ্ট কমিটির সদস্যদের অনুরোধ করা হয়েছে। | যে সকল প্রকল্পের কাজ চলমান রয়েছে তা দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ১) উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>২) সংশ্লিষ্ট সকল |

অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এস, এম, হাবিবুর রহমান)
সভাপতি,উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ভাঙ্গা, ফরিদপুর

পত্র নম্বর : ০৫.১২.২৯১০.০০৬.০০.০০১.২১.৩৫৫(৫০)

তারিখ: ১৯.০৫.২০২২

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২১৪ ফরিদপুর ৪, ও উপদেষ্টা, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি, ভাঙ্গা, ফরিদপুর।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।
৫. জেলা প্রশাসক, ফরিদপুর।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর।
৭. মেয়র, ভাঙ্গা পৌরসভা ও সদস্য, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি, ভাঙ্গা, ফরিদপুর।
৮. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সদস্য, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি, ভাঙ্গা, ফরিদপুর।
৯. উপজেলা........................................................................................কর্মকর্তা ও সদস্য, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি, ভাঙ্গা, ফরিদপুর।
১০. চেয়ারম্যান, .......................... ইউনিয়ন পরিষদ (সকল) ও সদস্য, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি, ভাঙ্গা, ফরিদপুর।
১১. জনাব/বেগম..................................................................... সদস্য, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি, ভাঙ্গা, ফরিদপুর।
১২. অফিস কপি

১৯/০৫/২২

(আজিম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
ভাঙ্গা, ফরিদপুর